



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজসেবা অধিদপ্তর

উপজেলা সমাজসেবা কার্যালয়

ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

ishwarganj.mymensingh.dss.gov.bd

“নেই পাশে কেউ যার
সমাজসেবা আছে তার”

“সমাজসেবা যে জন করে
পা বাড়ালেই পূণ্য বাড়ে”

স্মারক নম্বর: ৪১.০১.৬১৩১.০০০.০০০.০৬.০০০২.২৪.২১

তারিখ: ১১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২৪ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরের ৪র্থ কিস্তিতে (এপ্রিল/২৫ থেকে জুন/২৫) মাসের উপকারভোগীর শতভাগ নির্ভুল পে-রোল প্রেরণ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ঈশ্বরগঞ্জ উপজেলায় নগদ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে যারা বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর সম্প্রদায়ের ভাতা ও শিক্ষা উপবৃত্তি পাচ্ছেন তাদের ২০২৪-২০২৫ অর্থবছরের ৪র্থ কিস্তির (এপ্রিল/২৫ থেকে জুন/২৫) মাসের টাকা প্রদানের জন্য তালিকা হালনাগাদ করা হয়েছে। উক্ত তালিকার মোবাইল নম্বর সঠিকতা যাচাইয়ের জন্য ইউনিয়ন পরিষদে সকল সদস্যদের সহযোগিতা একান্তভাবে কাম্য। তালিকায় যদি কোন মোবাইল নম্বর ভুল থাকে তবে তিন (০৩) কর্ম দিবসের মধ্যে সঠিক মোবাইল নম্বর প্রেরণের জন্য অনুরোধ করা হল। প্রয়োজনে ভাতার তালিকা প্রচারের মাধ্যমে ইউনিয়ন পরিষদ বা ওয়ার্ডের নির্দিষ্ট স্থানে প্রদর্শন করা যেতে পারে।

এছাড়া যদি কোন প্রতিবন্ধী নয় বা প্রতিবন্ধী সুবর্ণ কার্ড নেই এমন ব্যক্তি ভাতা পেয়ে থাকলে তাদের তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হল। আবার যারা বিধবা ভাতা পাচ্ছেন তারা যদি নতুন বিবাহ বন্ধনে আবদ্ধ হয়ে থাকে তাদের তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হলো। পাশাপাশি দলিত হরিজনের ক্ষেত্রে একি বিষয়ে খেয়াল রাখার জন্য অনুরোধ করা হলো। তালিকার কোন ভাতাভোগী যদি মারা যান তাদের তথ্যও প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সরকার কর্তৃক উপকারভোগীদের অনুকূলে ক্যাশআউট চার্জসহ ভাতার অর্থ প্রদান করা হচ্ছে। তাই নিকটস্থ এজেন্ট পয়েন্ট হতে ভাতাভোগীগণ তাঁর প্রাপ্ত সম্পূর্ণ টাকাই উত্তোলন করতে পারবেন। এজেন্ট পয়েন্টে কোন অতিরিক্ত ফি প্রদান করতে হবে না। নগদ পিন নম্বর উপকারভোগীর একান্তই ব্যক্তিগত বিষয়। উপকারভোগী কোন ক্রমেই তাঁর গোপনীয় পিন নম্বর অন্য কারো কাছে শেয়ার করবেন না।

সমাজসেবা অফিস কিংবা নগদ কোন ক্ষেত্রেই দপ্তরিক কাজে নগদ হিসাবের পিন নম্বর/ one time password (OTP) ওটিপি প্রয়োজন হয় না। কোন প্রতারক চক্র মুঠোফোনে ফোন করে “সমাজসেবা অফিস বা নগদ কাস্টমার কেয়ার সার্ভিস থেকে বলছে” মর্মে কিংবা সরাসরি পিন নম্বর/ওটিপি চাইলে কোনভাবেই দিবেন না। প্রয়োজনে সংশ্লিষ্ট থানায় যোগাযোগ করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন। সামাজিক নিরাপত্তা কর্মসূচীর যেকোন প্রয়োজনে সমাজসেবা অফিসের সাথে যোগাযোগ করবেন।

এমতাবস্থায়, আপনার অধীনস্থ ওয়ার্ডসমূহের সকল ভাতার উপকারভোগীদের মাঝে উপরোক্ত বিষয়সমূহ অবহিতকরণের জন্য সংশ্লিষ্ট ওয়ার্ডের সকল হাট-বাজার, মসজিদ-মন্দিরসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও অন্যান্য গণজমায়েত স্থলে বিষয়গুলি ব্যাপক প্রচার ও জনপ্রতিনিধিদেরকে ওয়ার্ড ভিত্তিক উঠান বৈঠকসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সকল ভাতাভোগীর তালিকা ও মোবাইল নম্বর অত্রপত্রের সাথে সংযুক্ত এবং সফট কপি সকল ইউনিয়ন সচিবগণের ইমেইলে প্রেরণ করা হলো।

(বিষয়টি অতীব জরুরী তাই এটি উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশ করা হলো)

Hasan

২৪-০৪-২০২৫
মো. হাসান কিবরিয়া
উপজেলা সমাজসেবা অফিসার

চেয়ারম্যান/ইউপি সদস্য
ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ৪১.০১.৬১৩১.০০০.০০০.০৬.০০০২.২৪.২১/১ (৫)

তারিখ: ১১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২৪ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ।
- ২। উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
- ৪। সভাপতি প্রেসক্লাব, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
- ৫। ইউনিয়ন সমাজকর্মী সকল, উপজেলা সমাজসেবা কার্যালয় ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।



Hasan

২৪-০৪-২০২৫
মো. হাসান কিবরিয়া
উপজেলা সমাজসেবা অফিসার